

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
মাঠ প্রশাসন-৪ শাখা

নং-০৫.০০.০০০০.১৪০.১৯.০১৭.১৩-৩৬৯

২৭ জ্যৈষ্ঠ, ১৪২২

১০ জুন, ২০১৫

বিষয়: নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ।


সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর ০২-৬-২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং-

১৭.০০.০০০০.০৪৬.১১.০০৭.১২-৬১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ব্রাহ্মনবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার বাঞ্ছারামপুর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে বিগত ১২ মে, ২০১৫ তারিখ স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী নির্বাচনের সময়সূচি ঘোষণাপূর্বক আগামী ১৫ জুন, ২০১৫ তারিখ সোমবার উক্ত পৌরসভার ভোটগ্রহণের দিন ধার্য করা হয়। উক্ত নির্বাচনি এলাকায় মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর আওতায় আইন শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধ কার্যক্রম গ্রহণের নিমিত্ত উক্ত আইনের তফসিলে বর্ণিত স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী ব্রাহ্মনবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার বাঞ্ছারামপুর পৌরসভার জন্য ০১ (এক) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত ম্যাজিস্ট্রেটকে গেজেট প্রকাশের তারিখ হতে ভোট গ্রহণের পরের দিন অর্থাৎ ১৬ জুন, ২০১৫ তারিখ পর্যন্ত নিয়োগের নিমিত্ত নির্বাচন কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী ০১ (এক) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

  
(শাহানারা ইয়াসমিন লিলি)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫১৪০৭৪

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট  
ব্রাহ্মনবাড়িয়া।

অনুলিপি :

- ০১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।  
(দৃঃ আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, আইন-২)।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।